গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.২৬.০০২.১৫.৯৭৭

তারিখ ঃ ১৮-০৬-১৪২৪ বঙ্গাব্দ
০৩-১০-২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ আগস্ট/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

২১-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আগস্ট/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন থাকলে কার্যবিবরণী পাওয়ার ৩ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানাতে অনুরোধ করা হলো।

০২। সমন্বয় সভায় গৃহীত তাঁর অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/শাখার সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং অনিস্পন্ন বিষয়সমূহের তালিকা পরবর্তী সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত আগামী ১০-১০-২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৫

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বিকেএসপি, ঢাকা।
৩। যুগ্ম-সচিব(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭। জেলা প্রশাসক, শরীয়তপুর।
৮। উপ-সচিব (সকল), উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান............................, সহকারী প্রধান/ সহকারী সচিব..................... /সহকারী প্রোগ্রামার..................... , যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শরীয়তপুর।
১৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, শরীয়তপুর।
১৫। জেলা ক্রীড়া অফিসার, শরীয়তপুর।
১৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আগস্ট/২০১৭ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: আসাদুল ইসলাম
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ২১ সেপ্টেম্বর, ২০১৭
সময় : বেলা ১০:৩০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সমন্বয় সভায় যুব প্রশিক্ষণ কার্যক্রম ও জেলা পর্যায়ে ক্রীড়া বিষয়ক কার্যক্রমের অগ্রগতি আলোচনার জন্য জেলা প্রশাসন, শরীয়তপুর এর সাথে ভিডিও কনফারেন্স এর আয়োজন করা হয়। উক্ত ভিডিও কনফারেন্স এ উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, শরীয়তপুর ও জেলা ক্রীড়া অফিসার, শরীয়তপুর অংশগ্রহণ করেন।

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(১) গত ২৪-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	গত ২৪-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন আছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়।	কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	
(২) জেলা প্রশাসন, শরীয়তপুর এর সাথে ভিডিও কনফারেন্স	সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের উপসচিব(প্র:) জনাব মো: কামাল উদ্দিন বিশ্বাস ভিডিও কনফারেন্স সঞ্চালন করেন । ভিডিও কনফারেন্স এ যুগ্মসচিব(প্রশাসন), সূচনা বক্তৃতায় ভিডিও কনফারেন্স এ যোগদানরত সকলকে শুভেচ্ছা জানান। তিনি জেলা প্রশাসক, শরীয়তপুর-কে উদ্দেশ্য করে যুব প্রশিক্ষণ, ন্যাশনাল সার্ভিস ও খেলাধুলার কার্যক্রম বিষয়ে অবগত করার জন্য অনুরোধ করেন। এ প্রেক্ষিতে জেলা প্রশাসক সরাসরি কথা বলার সুযোগ দেয়ার জন্য সভাপতিকে ধন্যবাদ জানান। তিনি যুব উন্নয়ন অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ, ন্যাশনাল সার্ভিস ও ঋণ কার্যক্রম বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি আরও জানান তাঁর জেলায় বায়োগ্যাস প্লান্ট বিস্তৃতভাবে চলমান রয়েছে। তিনি জানান বন্যাজনিত কারণে ডামুড়া ও জাজিরা উপজেলায় বায়োগ্যাস প্লান্ট এর ক্ষতি হয়েছে। শীঘ্রই সেই ক্ষতি পুষিয়ে নেয়া সম্ভব হবে। যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব শিশির কুমার রায় উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, শরীয়তপুর এর দৃষ্টি আকর্ষণ করে বলেন এপিএ চুক্তি অনুযায়ী আদায় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে এবং যুব পুরস্কারের প্রস্তাব পাঠানো হয়েছে কিনা তা জানতে চান। এ প্রেক্ষিতে উপপরিচালক জানান এপিএ অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে কাজ চলছে এবং যুব পুরস্কারের প্রস্তাব পাঠানো হয়েছে। তিনি আরও জানান আত্মকর্মী তৈরীর জন্য জাজিরা উপজেলায় ৩৮৬ জন যুব ও যুব নারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। জোড়দারকরণ প্রকল্পের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম শেষ করা সম্ভব হবে। কিস্তি খেলাপি ৪(চার লক্ষ) টাকা। যুগ্মসচিব(প্রশাসন)জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করে মিনি স্টেডিয়ামের কাজের অগ্রগতির বিষয়ে জানতে চান। যুগ্মসচিব(ক্রীড়া) জেলা প্রশাসককে অবগত করেন যে, তার জেলার ভেদরগঞ্জ, জাজিরা, গোসাইরহাট এবং শরীয়তপুর সদর উপজেলায় ৩ একর করে জমির উপর মিনি স্টেডিয়াম নির্মাণ করার জন্য ঠিকাদার নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে। কাজের গুনগতমান নিশ্চিত করার জন্য জেলা প্রশাসকের হস্তক্ষেপ কামনা করেন। যুগ্মসচিব(ক্রীড়া) আরও জানান শরীয়তপুর জেলা স্টেডিয়াম উন্নয়নের প্রস্তাব পাওয়া গিয়েছে। যাচাই বাছাই চলছে। তিনি ক্রীড়া ক্যালেন্ডার প্রণয়নপূর্বক খেলাধুলার প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহনের জন্য জেলা প্রশাসককে অনুরোধ জানান। এ প্রেক্ষিতে জেলা প্রশাসক জানান তিনি মিনি স্টেডিয়াম এর কার্যক্রম মনিটরিং করবেন। ক্রীড়া ক্যালেন্ডার রয়েছে তবে ফান্ড সীমিত যা দ্বারা পর্যাপ্ত এবং গুনগত প্রশিক্ষণ পরিচালনা করা সম্ভব হয় না। তাঁর জেলার জন্য ক্রীড়া প্রশিক্ষণ ফান্ড চেয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও জানান মহিলা ক্রীড়া সংস্থার অবস্থা ভাল নয়। মহিলারা খেলাধুলায় আগ্রহী। ফান্ড পাওয়া গেলে এক্ষেত্রে ভাল করার সুযোগ রয়েছে। এপ্রেক্ষিতে যুগ্মসচিব (ক্রীড়া) জানান, এ বছর প্রতিটি উপজেলা ক্রীড়া সংস্থাকে ১ লক্ষ করে টাকা দেয়া হবে। এ অর্থের সৎব্যবহার করার জন্য জেলা প্রশাসকের হস্তক্ষেপ কামনা করেন। জাতীয় ক্রীড়া পরিষদের সচিব জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করে উপজেলা ক্রীড়া সংস্থার কমিটি হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। পরিশেষে ভিডিও কনফারেন্সে যোগ দিয়ে শরীয়তপুর জেলার যুব ও ক্রীড়া কার্যক্রমের সুবিধা-অসুবিধার বিষয়ে গঠনমূলক আলোচনা করার জন্য যুগ্মসচিব(প্রশাসন) উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে ভিডিও কনফারেন্সের সমাপ্তি ঘোষণা করেন।		

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(৩) জাতীয় যুব নীতি, ২০১৭ বাস্তবায়ন	(ক) জাতীয় যুবনীতি, ২০১৭ বাস্তবায়নের জন্য Action Plan প্রণয়নের নিমিত্ত UNFPA এর অর্থায়নে বাস্তবায়নযোগ্য TAPP পাওয়া গিয়েছে। (খ) জাতীয় যুবনীতি ২০১৭ বাস্তবায়নের জন্য স্টিয়ারিং কমিটি গঠনের লক্ষ্যে নথি উপস্থাপনায় রয়েছে।	(ক)Action Plan তৈরীর জন্য দ্রুত TAPP অনুমোদনের ব্যবস্থা করতে হবে। (খ) দ্রুত স্টিয়ারিং কমিটি গঠন করতে হবে।	**যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব-১ শাখা**
(৪) পদসৃষ্টি/ আপগ্রেডেশন ও পদ স্থায়ীকরণ।	**(ক) যুব উন্নয়ন অধিদপ্তর :**		
	(১) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদের মধ্যে উপপরিচালক হিসেবে ইতোমধ্যে ২ জন কর্মকর্তাকে পদায়ন করা হয়েছে। ১জন পরিচালক জনপ্রশাসন মন্ত্রণালয় হতে পদায়ন করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয় হতে ডাক্তার পদায়ন করা হবে।	(ক) নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	
	(২) ৫টি প্রকল্প ১ জুলাই ১৯৯৭ এর পরে শুরু হয়েছে বিধায় প্রকল্পের ১৪৭৪ জন জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরে জটিলতা রয়েছে। প্রকল্পসমূহের জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তর না করলে যুব প্রশিক্ষণ কার্যক্রমের উপর কি ধরণের নেতিবাচক প্রভাব পড়বে তা উল্লেখপূর্বক মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করার নিমিত্ত মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের জন্য ৫টি প্রকল্পের সার্বিক তথ্য সম্বলিত সার-সংক্ষেপ তৈরী করা হয়েছে।	(খ) মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	**যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ শাখা**
	(খ) জাতীয় ক্রীড়া পরিষদ:		
	মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কিছু তথ্য চেয়ে গত ১৭/০৮/২০১৭ তারিখে পত্র পাওয়া গেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্যাদি প্রেরণের জন্য ২৮-০৮-২০১৭ তারিখে জাতীয় ক্রীড়া পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি দ্রুত প্রেরণ করতে হবে।	জাতীয় ক্রীড়া পরিষদ ও ক্রীড়া-১ শাখা
	(গ) বিকেএসপিঃ বিকেএসপির জন্য রাজস্বখাতে পদ সৃজন প্রসঙ্গে- বিকেএসপি হতে প্রাপ্ত বিভিন্ন ক্যাটাগরীর মোট ৭৩৮টি পদ রাজস্ব বাজেটে সৃজনের সমন্বিত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে ২৬/০৭/২০১৭ তারিখ অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার খসড়া কার্যবিবরণী প্রক্রিয়াধীন আছে। ২০১১-১২ অর্থবছরে ০৫টি পদে লোক নিয়োগের জন্য ছাড়পত্র দেয়া হয়েছিল। বিষয়টি বিচারাধীন রয়েছে। পুণরায় ছাড়পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিষ্ট অনুযায়ী আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং লোক নিয়োগের দ্রুত ছাড়পত্র দিতে হবে।	বিকেএসপি/ ক্রীড়া-২ শাখা